

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৬৭

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (كتاب السير)

পরিচ্ছেদঃ ৮৩. যে দাস তার নিজের মনিব ছাড়া অন্যকে নিজের মনিব হিসেবে পরিচয় দেয়

باب فِي الَّذِي يَنْتَمِي إِلَى غَيْرِ مَوَالِيهِ

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ أَبِرَاهِيمَ حَدَّثَنَا هِشَامُ الدَّسْتَوَائِيُّ حَدَّثَنَا قَتَادَةُ عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَنَمٍ عَنْ عَمْرِو بْنِ خَارِجَةَ قَالَ كُنْتُ تَحْتَ نَاقَةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَمِعْتُهُ يَقُولُ مَنْ ادَّعَى إِلَى غَيْرِ أَبِيهِ أَوْ انْتَمَى إِلَى غَيْرِ مَوَالِيهِ رَغْبَةً عَنْهُمْ فَعَلَيْهِ لَعْنَةُ اللَّهِ وَالْمَلَائِكَةِ وَالنَّاسِ أَجْمَعِينَ لَا يُقْبَلُ مِنْهُ صَرْفٌ وَلَا عَدْلٌ

বাংলা

২৫৬৭. 'আমর ইবনে খারিজা রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর (আরোহী) উটের নিচে অবস্থান করছিলাম। এমতাবস্থায় তিনি বলেনঃ “যে ব্যক্তি তার পিতাকে বাদ দিয়ে অন্যকে তার পিতা বলে দাবী করে (পরিচয় দেয়) অথবা নিজের মনিবকে বাদ দিয়ে অপরকে মনিব বলে পরিচয় দেয়, তার উপর আল্লাহ, তাঁর ফেরেশতাকুল এবং সকল মানুষের অভিশাপ। তার নফল বা ফরয কোন কিছুই কবুল করা হবে না।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ হাসান।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৫০৮ তে। ((তিরমিযী ২১২১; ইবনু মাজাহ, ওয়াসাইয়া ২৭১২; নাসায়ী ৩৬৪১, ৩৬৪২, ৩৬৪৩; আহমাদ ১৭২১০, ১৭৬১৫, ১৭৬২১। - অনুবাদক))

সংযোজনী: এছাড়াও, তাবারাণী, কাবীর ১৭/৩২-৩৩ নং ৬০; ইবনু মাজাহ, ওয়াসায়ী ২৭১২; ইবনুল কানি', মু'জামুস সাহাবাহ নং ৭২৪; দারুকুতনী ৪/১৫২-১৫৩; বাইহাকী, ওয়াসায়ী ৬/২৬৪; ইবনু আবী আসিম, আহাদ ওয়াল মাছানী নং ৭৮৬, ২৪৮১; সাঈদ ইবনু মানসুর নং ৪২৮; ইবনু আবী শাইবা ১১/১৪৯ নং ১০৭৬৬; আব্দুর রাযযাক, নং ১৬৩০৬। আমি এটি তাখরীজ করেছি মাজমাউয যাওয়াইদ নং ৭১৯৮ তে।

((এর শাহিদ হাদীস রয়েছে আলী রাঈয়াল্লাহু আনহু হতে বুখারী, জিযইয়া নং ২১৭২ তে। -অনুবাদক))

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আমর ইবন খারিজা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82852>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন